

মহান বিজয় দিবস-২০২১ উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



১৬ ডিসেম্বর ২০২১, বৃহস্পতিবার মহান বিজয় দিবস-২০২১ উপলক্ষে সকালে সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় সঙ্গীত পরিবেশনের মাধ্যমে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর, জাতীয় স্মৃতিসৌধে মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা জানাতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপাচার্য অধ্যাপক মো. ইমদাদুল হক পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, বেগম ফজিলাতুন্নেছা মুজিব হল, নীলদল, কর্মকর্তা সমিতি, কর্মচারী সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদিক সমিতি, জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবসহ অন্যান্য সংগঠনের পক্ষে একে একে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। ক্যাম্পাসে প্রত্যাবর্তনের পর দিনব্যাপী বিভিন্ন মুক্তিযুদ্ধ ও দেশাত্মবোধক গান পরিবেশিত হয়। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনসমূহ আলোক সজ্জায় সজ্জিত করা হয়।

মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন



এদিকে, মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ১৬ ডিসেম্বর-২০২১ (বৃহস্পতিবার) সন্ধ্যায় ৫.৩০টায় বিশ্ববিদ্যালয়ে স্থাপিত মুজিব মঞ্চে সমবেত সংগীত ও চলচ্চিত্র (মুক্তির গান) প্রদর্শন করা হবে। এছাড়াও চারুকলা বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের উদ্যোগে ১৪ ডিসেম্বর শুরু হওয়া 'মুক্তিযুদ্ধ, বিজয়গাঁথা ও বঙ্গবন্ধু' শীর্ষক পোস্টার চিত্র প্রদর্শনটি সকলের জন্য উন্মুক্ত রয়েছে এবং প্রদর্শনীটি ২০ ডিসেম্বর পর্যন্ত চলবে।

এছাড়া ১৭ ডিসেম্বর-২০২১, শুক্রবার সন্ধ্যায় ৫.৩০টায় ক্যাম্পাসে স্থাপিত মুজিব মঞ্চে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবৃত্তি সংসদ, উদীচী (জবি সংসদ), জগন্নাথ বিশ্ববিদ্যালয় সাংস্কৃতিক কেন্দ্র, জগন্নাথ বিশ্ববিদ্যালয় রঙ্গভূমি (জবিরঙ্গ) ও মুক্তমঞ্চ-এর উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হবে। ১৮ ডিসেম্বর-২০২১ (শনিবার) বিকাল ৩.০০টায় মুজিব মঞ্চে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ব্যান্ডদলসমূহের উদ্যোগে সংগীতানুষ্ঠান পরিবেশিত হবে। ১৯ ডিসেম্বর-২০২১ (রবিবার) বিকাল ৩.০০টায় মুজিব মঞ্চে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অংশগ্রহণে সাংস্কৃতিক অনুষ্ঠান এবং সন্ধ্যায় ৫.৩০টায় বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের উদ্যোগে নাটক প্রদর্শিত হবে। ২০ ডিসেম্বর-২০২১ (সোমবার) বিকাল ৩.০০টায় মুজিব মঞ্চে বিশ্ববিদ্যালয়ের সংগীত বিভাগের উদ্যোগে সংগীতানুষ্ঠানের মধ্য দিয়ে সপ্তাহব্যাপী মহান বিজয়ের সুবর্ণজয়ন্তী অনুষ্ঠানাদির সমাপ্তি হবে।